

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৪৫৩

পানিসাগর, ০৩ অক্টোবর, ২০২৪

পানিসাগরে আগমনী উৎসব অনুষ্ঠিত

পানিসাগর নগর পঞ্চায়েতের উদ্যোগে এবং মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহযোগিতায় গতকাল মহালয়া উপলক্ষে আগমনী উৎসব অনুষ্ঠিত হয়। গতকাল সন্ধ্যায় পানিসাগর টাউনহলে আয়োজিত এই উৎসবের উদ্বোধন করেন পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস। উদ্বোধনী অনুষ্ঠানে নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, নগর পঞ্চায়েতের কাউন্সিলরগণ, মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্যগণ ও বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের প্রধান অতিথি নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ বলেন, দুর্গাপূজা হচ্ছে বাঙালীদের শ্রেষ্ঠ উৎসব। এই উৎসবের মাধ্যমে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকল মানুষের মধ্যে সম্প্রীতিকে সুদৃঢ় করে। দুর্গোট্টু উৎসবের দিনগুলিতে শান্তি শৃঙ্খলা বজায় রেখে সুষ্ঠভাবে সম্মান করার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান। এ উপলক্ষে এদিন মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। পানিসাগরের বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন।
